গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৪০.১১৬.০০.০০.০০১.২০১৬-৭০২ তারিখঃ ০৭ মে ২০১৯ খ্রিস্টাব্দ
২৪ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ

সূত্রঃ স্মারক নং-জাতীয় বাস্তবায়ন কমিটি/২০১৯/০২৫(৩০), তারিখ: ২৮/০৪/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় জাতীয় এবং আন্তর্জাতিকভাবে উদযাপনের লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের কর্মপরিকল্পনা সম্পর্কে পর্যালোচনার জন্য আগামী ১৩/০৫/২০১৯ তারিখ সকাল ১০:০০ টায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এবং স্বাস্থ্য সেবা বিভাগের সচিব মহোদয়ের উপস্থিতিতে এ মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) সভা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির নিকট হতে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হল। প্রেরিত পত্রে বর্ণিত বিষয় অনুধাবন করে উভয় বিভাগের সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে নিজ নিজ দপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়ন করে কর্মপরিকল্পনাসহ উল্লিখিত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।

সংযুক্তিঃ বর্ণনামতে (০১ পাত)।

(শাহিনা খাতুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

বিতরণ:

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
৫। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

পত্রসংখ্যা- জাতীয় বাস্তবায়ন কমিটি/২০১৯/০২৫ (৩০)

তারিখ: ১৫ বৈশাখ ১৪২৬ / ২৮ এপ্রিল ২০১৯

**বিষয়:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সংক্রান্ত কর্মপরিকল্পনা গ্রহণ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় জাতীয় এবং আন্তর্জাতিকভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সরকার 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় কমিটি' এবং 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি' গঠন করেছে। জাতীয় কমিটির সভাপতি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে ২০ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত যৌথসভার সিদ্ধান্তের আলোকে এবং ০৮ এপ্রিল ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় বাস্তবায়ন কমিটির প্রথম সভার সিদ্ধান্ত অনুসারে বেশ কয়েকটি উপকমিটি গঠিত হয়েছে। প্রত্যেক উপকমিটি ইতোমধ্যে এক/একাধিক সভা করে নিজ নিজ কর্মপরিকল্পনা জাতীয় বাস্তবায়ন কমিটির কাছে পেশ করছে এবং বাস্তবায়ন কমিটি উপকমিটিসমূহের প্রস্তাবনাসমূহ সমন্বয় করে চূড়ান্ত কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে কাজ করছে।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন একটি বিশাল কর্মযজ্ঞ। এ কারণে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কেন্দ্রীয় কর্মসূচির পাশাপাশি প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ স্ব উদ্যোগে নানা কর্মসূচি গ্রহণ করছে। এসকল কর্মসূচি জাতীয় পর্যায়ে উদ্‌যাপনের জন্য একটি সমন্বিত কর্মপরিকল্পনা চূড়ান্ত করার লক্ষ্যে এবং কোনো কর্মসূচির দ্বিত্ব পরিহার করার জন্য স্ব স্ব মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা জাতীয় বাস্তবায়ন কমিটির অবহিত থাকা প্রয়োজন।

০৩। বর্ণিত অবস্থায়, জাতীয় বাস্তবায়ন কমিটির সার্বিক সমন্বয়ের কাজ সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা ১৫ মে ২০১৯ তারিখের মধ্যে জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অতিঃ সচিব (প্রশাসন মহোদয়ের দপ্তর)
স্বাস্থ্য ও সেবা বিভাগ
ডাইরী নং........ তারিখ........
যুগ্ম সচিব (প্রশাসন)
যুগ্ম সচিব (পার)
উপ-প্রধান (HRM)
উপ-সচিব ........
উপ-সচিব শৃং........
সিঃ সঃ সচিব ........
সহকারী সচিব ........
ব্যক্তিগত কর্মকর্তা ........
অন্যান্য ........

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
প্রধান সমন্বয়ক
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি
ফোন: ০২-৫৫১৩০৩২০

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
অতিঃ সচিব (প্রশাসন মহোদয়ের দপ্তর)
স্বাস্থ্য ও সেবা বিভাগ
ডাইরী নং ৩৭৬৩ তারিখ ৩০/৪/১৯
যুগ্ম সচিব (প্রশাসন)
যুগ্ম সচিব (পার)
উপ-প্রধান (HRM)
উপ-সচিব
উপ-সচিব শৃং
সিঃ সঃ সচিব
সহকারী সচিব
ব্যক্তিগত কর্মকর্তা
অন্যান্য

বিতরণ: কার্যার্থে

সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৫